

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(ভূমি অধিগ্রহণ শাখা)
[ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]
এল.এ কেস নম্বর : ০১/২০২৪-২৫

জারির নং : ০১

তারিখ : ০১/০২/২০২৫ খ্রি.

নোটিশ

- প্রাপক : ০১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
০২। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী কার্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
০৩। নোটিশ বোর্ড, উপজেলা ভূমি অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
০৪। নোটিশ বোর্ড, মনাকমা ইউনিয়ন ভূমি অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
০৫। মৌজার প্রকাশ্য স্থানে জারি।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি, “চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ৯০নং চৌকা আরাজী বনকুল মৌজায় আদিনা ফজলুল হক সরকারি কলেজ এর বাউন্ডারি ওয়ালের ভেতরে অবস্থিত ব্যক্তি মালিকানাধীন ১.২৫ একর জমি অধিগ্রহণের অধিগ্রহণ।” শীর্ষক প্রকল্পে জনপ্রয়োজন ও জনকল্যাণমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও ছকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারী করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

০১/০২/২০২৫ খ্রি: তারিখে বা তারিখ হইতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তফসিল

জেলা: চাঁপাইনবাবগঞ্জ

উপজেলা: শিবগঞ্জ

মৌজা: চৌকা আরাজী বনকুল

জেএল নং: ৯০


ক্রমিক নং	আরএস খতিয়ান নং	আরএস দাগ নং	জমির শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)
১	২৯৬	৫০১	ভিটা	১.২৫	১.২৫

মোট জমি ১.২৫ একর

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

- উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ডিডিও/ সরেজমিন তদন্ত করে মালিকানা/ দখল তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সোর্টিং/ইউ/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/ নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকফ দাখিল সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.chapainawabganj.gov.bd ভিজিট করুন।

জেলা প্রশাসক এর পক্ষে


(জাকির মুন্সী)

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ